

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।
“নৈতিকতা কমিটির” ২০১৯-২০২০ অর্থ বছরের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জগদীশ চন্দ্র মন্ডল
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

স্থান : বাকেশি সভাকক্ষ।
তারিখ : ১০-০৭-২০১৯ খ্রিঃ।
সময় : সকাল ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নাম ও পদবীঃ

- | | |
|--|---------------|
| ১। জনাব মোঃ আলাউদ্দীন আল-আজাদ, মহাব্যবস্থাপক(উৎপাদন পরিকল্পনা ও মাননিয়ন্ত্রণ) | - সদস্য |
| ২। জনাব মোঃ সিরাজুল ইসলাম, মহাব্যবস্থাপক(উৎপাদন) | - সদস্য |
| ৩। জনাব এস. এম. জাকির হোসেন, মহাব্যবস্থাপক(রক্ষণাবেক্ষণ ও নির্মাণ) | - সদস্য |
| ৪। জনাব মোঃ মসলেম উদ্দীন, মহাব্যবস্থাপক(অর্থ ও হিসাব) | - সদস্য |
| ৫। জনাব শরীফ বদিউজ্জামান, উপ-মহাব্যবস্থাপক(প্রশাসন) | - সদস্য |
| ৬। জনাব মোঃ আরিফুর রহমান, ব্যবস্থাপক(নিরীক্ষা) | - সদস্য |
| ৭। জনাব এম. এম. মহিদুল ইসলাম, সহকারী ব্যবস্থাপক(সমন্বয়) | - সদস্য-সচিব। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটি'র সভাপতি কর্তৃক প্রথমেই বাকেশি'র নৈতিকতা ও শৃঙ্খলা কমিটি'র জাতীয় শৃঙ্খলাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৮-২০১৯ অর্থবছরের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য নৈতিকতা ও শৃঙ্খলাচার কমিটি'র সকল সদস্যকে ধন্যবাদ জানানো হয়। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের নৈতিকতা কমিটি'র সিদ্ধান্ত মোতাবেক বাকেশি'র নৈতিকতা ও শৃঙ্খলাচার বিষয়ক কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণ করতে হবে। অতঃপর বাকেশি'র জাতীয় শৃঙ্খলাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর বিষয়ে আলোচনা হয়। শৃঙ্খলাচার কর্ম-পরিকল্পনার সম্পর্কে আলোচনাসহ কর্মপরিকল্পনার যে সকল কার্যক্রম গৃহীত হয়েছে সে গুলির যথাযথ বাস্তবায়নের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ


- (১) বাকেশি'র জাতীয় শৃঙ্খলাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নের অংশ হিসেবে আগামী ৩০-০৯-২০১৯ খ্রি: তারিখের মধ্যে কমপক্ষে ২০ জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করতে হবে।
- (২) আগামী ৩০-০৭-২০১৯ খ্রি: তারিখের মধ্যে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ বাকেশি'র তথ্য বাতায়নে দৃশ্যমানের ব্যবস্থা করতে হবে। এবং ২০১৮-১৯ অর্থবছরে বাকেশি'র শৃঙ্খলাচার পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে করতে হবে।
- (৩) বাকেশি'র ওয়েবসাইটে শৃঙ্খলাচার সেবাবক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে। এবং বাকেশি'র সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও যথাযথ বাস্তবায়ন করতে হবে।
- (৪) উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে আগামী ৩০-০৯-২০১৯ খ্রি: তারিখের মধ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণ করতে হবে।


২০১৯

(৫) বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার-এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭-এর বিধি ৪ অনুসারে “ডেজিগনেটেড অফিসার” নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। এছাড়া, পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী বাকেশি’র ২০১৯-২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রস্তুত পর্বক ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

(৬) ই-টেন্ডারের মাধ্যমে কমপক্ষে ৩০% ক্রয় কার্য সম্পাদন করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(জগদীশ চন্দ্র মন্ডল)

ব্যবস্থাপনা পরিচালক

ও

সভাপতি, নৈতিকতা কমিটি।